JAN 14 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা প্রতিষ্ঠানকে রাজনীতিমুক্ত রাখতে হবে

## মাওলানা মান্নান

**ফরিদগঞ্জ (চাঁদপুর) থেকে ফিরে স্টাফ রিপোর্টার ঃ** সাবেক ধর্ম ত্রাণ ও পুনর্বাসনমন্ত্রী বাংলাদেশ জামিয়াতুল মুদার্রেছীনের সভাপতি আলহাজ মাওলানা এম এ মান্নান বলেছেন, শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের কোন রাজনৈতিক দল বা অঙ্গসংগঠনের সাথে যুক্ত থাকা উচিত নয়। শিক্ষা প্রতিষ্ঠানে দলীয় রাজনীতি শিক্ষা ব্যবস্থাকে ধ্বংসের দিকে নিয়ে গেছে।

গতকাল (রবিবার) চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলায় কেরোয়া হোসনে আরা বেগম আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় ও ইসলামপুর শাহ ইয়াছিন সিনিয়র (ফাজিল) মাদ্রাসা ময়দানে পৃথক দু'টি বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

মাওলানা এম এ মান্নান শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়ার সুষ্ঠু ও সুন্দর পরিবেশ ফিরিয়ে আনার আহ্বান জানিয়ে বলেন, আসুন সকলে মিলে শিক্ষার মানোন্নয়ন ও ছাত্র-ছাত্রীদের আগামী দিনের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলি। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মানোন্নয়ন 'এবং একে রাজনীতিমুক্ত রেখে সুন্দর পরিবেশ গড়ে তোলার সকলের দায়িত্ব।

সমাবেশে হুজুর আসবেন এ নিয়ে সকাল থেকেই লোক সমাগম শুরু হয়। সকাল ৮টা বাজার পর থেকেই লোকজন আসতে শুরু করে কেরোয়া হোসনে আরা বেগম আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় মাঠে এলাকার লোকজন আলহাজ মাওলানা এম এ মান্নানকে শ্রদ্ধা করে অন্তর দিয়ে তাকে ডাকেন হুজুর বলে। সকলের মুখে উচ্চারিত হচ্ছিল দীর্ঘদিন পর হুজুর এলাকায় আসছেন। সকাল সাড়ে ১১টায় একটি প্রাইভেট কোম্পানীর হেলিকপ্টার কেরোয়া মজিদিয়া জামে মসজিদের পাশে মাঠে অবতরণ করে। হেলিকপ্টার অবতরণের সাথে সাথে সমবেত হাজার হাজার জনতা হুজুরের আগমনকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে শ্লোগান দিতে থাকে। হেলিকপ্টার থেকে নেমে আবেগ-আপ্লুত মাওলানা এম এ মান্নান উপস্থিত লোকদের সাথে শুভেচ্ছা বিনিময় করে মসজিদের প্রান্তে তার নানার মাজার জিয়ারত করেন। মাজার জিয়ারত শেষে তিনি কেরোয়া হোসনে আরা বেগম আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় ময়দানে সমবেত জনতার উদ্দেশে বক্তব্য রাখেন। এখানে শফিকুল ইসলাম পাটোয়ারীর সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য আলমগীর হায়দার খান। অন্যান্যের মধ্যে ফরিদগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা জসিম

৭-এর পৃঃ ১-এর কঃ দেখুন

# শিক্ষা প্রতিষ্ঠানকে রাজনীতিমুক্ত করতে হবে

৮-এর পৃষ্ঠার পর

উদ্দিন বাদল, ... জেড এম সালাহউদ্দিন (শাহিন) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সমাবেশ শেষে হেলিকপ্টারে করে তিনি গ্রামের বাড়ী ইসলামপুরে যান। সেখানে তিনি ইসলামপুর শাহ ইয়াছিন সিনিয়র ফাজিল মাদ্রাসার পাশে তার বাবা ও মায়ের মাজার জিয়ারত করেন। মাজার জিয়ারত শেষে তিনি মাদ্রাসা ময়দানে উপস্থিত হাজার হাজার জনতার উদ্দেশে বক্তব্য রাখেন।

এখানেও তিনি শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার উপর গুরুত্বারোপ করে বলেন, ছাত্রছাত্রীদের সাধারণ শিক্ষার পাশাপাশি কারিগরি শিক্ষা দিতে হবে, যাতে তারা শিক্ষা শেষে কাজ করতে পারে। তিনি উভয় জনসভায় উপস্থিত জনতার কাছে দোয়া চেয়ে বলেন, সকলে দোয়া করবেন ঈমানের সাথে যেন মৃত্যু হয়। এছাড়া উভয় জনসভা শেষে দেশ ও জাতির মঙ্গল কামনা করে তিনি দোয়া করেন।

মাদ্রাসা ময়দানে অন্যান্যের মধ্যে আলমগীর হায়দার খান এমপি ও মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা মোজাম্মেল হক বক্তব্য রাখেন।

### আলমগীর হায়দার খান এমপি

আলমগীর হায়দার খান বলেন, রাজনীতিতে হিংসা-বিদ্বেষ বলে কিছু নেই। আসুন অতীতের ভেদাভেদ ভুলে গিয়ে সকলে মিলে দেশ ও জনগণের কল্যাণে আত্মনিয়োগ করি। একই সাথে তিনি এলাকার স্কুল-মাদ্রাসাসহ শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে তার প্রচেষ্টা থাকবে বলে উল্লেখ করেন।

উল্লেখ্য, দীর্ঘদিন থেকে অসুস্থ ও দেশের বাইরে চিকিৎসাধীন থাকায় আলহাজ মাওলানা এম এ মান্নান প্রায় দু'বছর পর গতকাল ফরিদগঞ্জে সফর করেন। দীর্ঘদিন পর এলাকার লোকজন তাদের প্রিয় নেতা ও হুজুরকে কাছে পেয়ে আবেগ-আপ্লুত হয়ে পড়েন। গতকালই তিনি হেলিকপ্টারযোগে ঢাকায় ফিরে আসেন। এই সংক্ষিপ্ত সফরে ইনকিলাব টেলিভিশন (আইটিভি)-এর রোজান ইসলাম দিলিপ ...